গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদপ্তর
ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন (সিটিএম) প্রকল্প
শ্যামলী স্কয়ার (৯ম তলা), মিরপুর রোড, শ্যামলী, ঢাকা ১২০৭

স্মারক নম্বর- ৪১.০১.০০০০.০৯০.১১.০০৪.২০২২.৭৯৪

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

০১। ম্যানেজার (বিজ্ঞাপন)
দৈনিক যুগান্তর, ঢাকা।

০২। ম্যানেজার (বিজ্ঞাপন)
The Daily Observer, ঢাকা।

বিষয়: ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন (সিটিএম) শীর্ষক প্রকল্পের আওতায় জনবল নিয়োগ বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিশ্বব্যাংকের ঋণসহায়তাপুষ্ট ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন (সিটিএম) শীর্ষক কারিগরি সহয়তা প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক জনবল নিয়োগ করা হবে। এ লক্ষ্যে সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখের মধ্যে ০১ (এক) দিন সকল সংস্করণে (প্রথম ও শেষ পাতা ব্যতীত ভিতরের যে কোন পাতায়) ৩ কলাম x ৮ ইঞ্চি আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল। সরকার নির্ধারিত হারে বিজ্ঞপ্তির বিল প্রাপ্তি সাপেক্ষে পরিশোধ করা হবে।

সংযুক্ত: বর্ণনামতে ০১ পাতা।

২৫/০৯/২২

গোলাম মোস্তফা
উপপ্রকল্প পরিচালক-১ (অতিরিক্ত পরিচালক)
ফোন: ২২২২৪৩৩০৬

অনুলিপি:

১. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদপ্তর
ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন (সিটিএম) প্রকল্প
শ্যামলী স্কয়ার (৯ম তলা), মিরপুর রোড, শ্যামলী, ঢাকা ১২০৭

স্মারক নম্বর- ৪১.০১.০০০০.০৯০.১১.০০৪.২০২২-৭৯৬

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৯ / ২৫ সেপ্টেম্বর ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন ও ব্যবস্থাপনা প্রক্রিয়া আধুনিকায়নের লক্ষ্যে বিশ্বব্যাংকের ঋণসহায়তাপুষ্ট ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন (সিটিএম) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের মেয়াদকালীন ৩০ জুন ২০২৩ পর্যন্ত সাকুল্য বেতনে (কনসলিডেটেড পে) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত পদসমূহের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | একাউন্টস অফিসার<br>বেতন (গ্রেড-৯) সাকুল্য বেতন<br>(অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী) | ০১ টি | একাউন্টিং/ফিন্যান্স/ ব্যবস্থাপনা অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অগ্রাধিকার যোগ্য। | ১. হিসাবরক্ষণ ও বাজেট প্রণয়নে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা।<br>২. একাউন্টিং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম উন্নয়ন ও বাস্তবায়নের অভিজ্ঞতা।<br>৩. বাজেট ও হিসাব সংক্রান্ত সরকারি বিধি-বিধান সম্পর্কে জ্ঞানসম্পন্ন। |
| ২. | ডাটা এন্ট্রি অপারেটর<br>(গ্রেড-১৮) সাকুল্য বেতন<br>(অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী) | ০১ টি | স্নাতক ডিগ্রি/ কম্পিউটার বিজ্ঞানে ডিপ্লোমা। | ১. ডাটা এন্ট্রি/ কম্পিউটার পরিচালনায় কমপক্ষে ০২(দুই) বছরের অভিজ্ঞতা।<br>২. ইংরেজি ও বাংলায় (বলা ও লেখায়) যোগাযোগের দক্ষতা<br>৩. মাইক্রোসফট অফিস এপ্লিকেশন ব্যবহারে দক্ষতা |
| ৩. | এমএলএসএস<br>(গ্রেড-২০) সাকুল্য বেতন<br>(অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী) | ০১ টি | এসএসসি/সমমান। | সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। |

**শর্তাবলী:**

১. আবেদনপত্র আগামী ২০ অক্টোবর ২০২২ তারিখ অফিস সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন (সিটিএম) প্রকল্প, শ্যামলী স্কয়ার (৯ম তলা), ২৪/১ এবং ২৪/২, আ ন ম নুরুজ্জামান সড়ক (মিরপুর রোড), শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা ১২০৭ এই ঠিকানায় পৌছাতে হবে।

২. নিয়োগের জন্য আবেদনকারী সাধারণ প্রার্থীদের বয়স ২০ অক্টোবর ২০২২ তারিখে ৩০ বছর এবং বীর মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাগণের ক্ষেত্রে বয়স ৩২ বছর। বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের (নাতি-নাতনি) বয়স ৩০ বছর। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. আবেদনকারীর নাম (বাংলা ও ইংরেজী), পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্মস্থান, জন্ম তারিখ, জাতীয় পরিচয় পত্র নম্বর, বয়স, জেন্ডার, ধর্ম, পেশা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, মোবাইল নম্বর, কোটা সংক্রান্ত তথ্য ইত্যাদি আবেদন পত্রে উল্লেখ করতে হবে।

৪. প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগের কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৫. প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ দাখিল করতে হবে। বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাগণের ক্ষেত্রে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৬. আবেদনপত্রের খামের উপরে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে ১০/- টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটযুক্ত একটি ফেরত খাম (ফেরত খামের ডান পার্শ্বে পত্র প্রাপ্তির জন্য প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখ করে দিতে হবে) প্রদান করতে হবে।

৭. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে:
(ক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি, (গ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি, (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি, (ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং (চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি।

৮. উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৯. আবেদনপত্রের সাথে ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন (জিওবি) নামে সোনালী ব্যাংক লিমিটেড, আগারগাঁও শাখা, ঢাকা বরাবরে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ইস্যুকৃত ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকার অফেরৎযোগ্য ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

১০. সরকারি, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১. ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১২. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এবং নির্বাচিত প্রার্থীকে চাকুরীতে যোগদানের জন্য আবেদনকারীকে কোন টিএ/ডিএ দেয়া হবে না।

১৩. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও অন্যান্য কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত ফটোকপি যুক্ত করতে হবে।

১৪. শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদ/সুবর্ণ কার্ডের সত্যায়িত ফটোকপি যুক্ত করতে হবে।

১৫. আবেদনপত্র বাছাই, গ্রহণ ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬. প্রকল্পের চাকুরীর শর্তাবলী পালন সাপেক্ষে প্রকল্প সমাপ্তির সাথে সাথে চাকুরী কাল শেষ হবে।

১৭. নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইট www.dss.gov.bd এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.msw.gov.bd এ পাওয়া যাবে।

১৮. কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এই বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

25/09/2022

(খুরশিদ আলম চৌধুরী)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)